



ALL INDIA RADIO, SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI/ বাংলা

25 APRIL 2024

7:35—7:40 AM IST

রাজ্যে দ্বিতীয় পর্যায়ে আগামীকাল ৫ টি আসনের জন্য অনুষ্ঠেয় নির্বাচনে ৬১ জন প্রার্থী প্রতিদ্বন্দিতায় রয়েছেন। এই পর্যায়ে ৭৭ লক্ষেরও অধিক ভোটারগণ গণতান্ত্রিক অধিকার সাব্যস্ত করবেন। উল্লেখ্য সংশোধিত চূড়ান্ত ভোটার তালিকা অনুসারে আসামে প্রায় ২ কোটি ৪৩ লক্ষ ভোটারগণ এবার ভোটাধিকার সাব্যস্ত করতে পারবেন। এর মধ্যে ১ কোটি ২১ লক্ষ ৭৯ হাজারেরও অধিক পুরুষ এবং ১ কোটি ২১ লক্ষ মহিলা ভোটারগণ রয়েছেন। প্রথমবারের জন্য ভোটারগণ তালিকায় অন্তর্ভুক্ত ৭ লক্ষ ২৬ হাজার ৭৮৩ জন ভোটারগণ রয়েছেন। এদিকে রাজ্যে ৮০ বছরের উর্দে ভোটারগণ সংখ্যা ২ লক্ষ ৭২ হাজারেরও অধিক। রাজ্যে অনুসূচিত জনজাতির জন্য সংরক্ষিত ডিফু সংসদীয় আসনে সর্বনিম্ন ৮ লক্ষ ৯২ হাজার ৭৮৯ জন এবং ধুবরী আসনে সর্বাধিক ২৬ লক্ষ ৪৩ হাজারেরও অধিক

ভোটদাতা রয়েছেন । এদিকে রাজ্যে তিনটি পর্যায়ে মোট ২৬৬ টি আদর্শ ভোটগ্রহণ কেন্দ্র থাকবে । অন্যদিকে দিব্যাঙ্গ আধিকারিক দ্বারা পরিচালিত ৩৬টি এবং মহিলা আধিকারিক দ্বারা পরিচালিত এক হাজার ৫৫১ টি ভোটগ্রহণ কেন্দ্র থাকবে । উল্লেখ্য বিধানসভা এলাকা পুনর্নির্ধারণের পর এবার প্রথমবারের জন্য আসামে নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে ।

করিমগঞ্জের জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে লোকসভা নির্বাচন অবাধ , সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে ড্রাই ডে-র সময়সীমা বৃদ্ধি করেছেন । নতুন নির্দেশিকায় বলা হয়েছে যে জেলায় গতকাল বিকেল পাঁচটা থেকে বলবৎ হওয়া ড্রাই ডে , আগামীকাল রাত সাড়ে দশটা পর্যন্ত বলবৎ থাকবে । ড্রাই ডে বলবৎ থাকার কারণে জেলার সব ধরনের দেশী-বিদেশী মদের দোকান , বার , ক্লাব , বন্ডেড ওয়ার হাউস সম্পূর্ণরূপে বন্ধ থাকবে । এছাড়া ভোট গননার দিন চৌঠা জুন গননা প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত ড্রাই ডে বলবৎ থাকবে । নির্দেশ অমান্য করলে আসাম আবগারী আইন অনুসারে ব্যবস্থা গ্রহন করা হবে ।

করিমগঞ্জের জেলা ম্যাজিস্ট্রেট লোকসভা নির্বাচন শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে ভারতীয় ফৌজদারী দণ্ডবিধির ১৪৪ ধারার অধীনে বেশ কিছু নিষেধাজ্ঞা জারী করেছেন । নিষেধাজ্ঞায় বলা হয়েছে যে

আজ ও আগামীকাল রাত ৮টা পর্যন্ত জেলায় দ্বি-চক্রযান , স্কুটার , মোটর সাইকেলে পিছনে আরোহী নিয়ে চলাফেরা করা যাবে না । তবে বৃদ্ধ ব্যক্তি , ১২ বছরের নিচের কোন শিশু , মহিলা এবং আইন-শৃংখলা রক্ষায় নিয়োজিত ব্যক্তি , ম্যাজিষ্ট্রেট , পুলিশ ও সেনার ক্ষেত্রে এই নির্দেশ প্রযোজ্য হবে না । এছাড়া কোন ব্যক্তি বা গোষ্ঠী লাঠি , ধারালো অস্ত্র , পটকা , আতশবাজী নিয়ে চলাফেরা করতে পারবেন না । ভোটের তালিকায় নাম না থাকা কোন ব্যক্তি , গোষ্ঠী , সংস্থা , সংগঠন ভোট কেন্দ্রের আশে-পাশে ঘোরা ফিরা করতে পারবেন না । অনুমতি ছাড়া সরকারী-বেসরকারী পোষ্টার, ব্যানার লাগানো যাবে না বলে জানানো হয়েছে ।

করিমগঞ্জের জেলা ম্যাজিষ্ট্রেট এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে আসন্ন লোকসভা নির্বাচনে ভোট কর্মীদের যানবাহন সুষ্ঠুভাবে চলাচলের জন্য আজ সকাল ৮টা থেকে দুপুর দুটো পর্যন্ত এবং আগামীকাল বিকেল চারটা থেকে রাত ১০টা পর্যন্ত করিমগঞ্জ শহরের পি ডব্লিউ ডি মোড় থেকে এ ও সি পয়েন্ট হয়ে ঘাট লাইন পর্যন্ত এবং এ ও সি পয়েন্ট থেকে পাথারকান্দি রেল গেইট ক্রসিং পর্যন্ত সড়কে সব ধরনের ই-রিক্সা , ই-অটো , এবং পেট্রল অটোর চলাচল সম্পূর্ণরূপে বন্ধ থাকবে । নির্দেশ অমান্য করলে পরিবহন আইনী ব্যবস্থা গ্রহন করা হবে ।

শিলচর লোকসভা আসনের অন্তর্গত শিলচর , উধারবন্দ , বড়খলা ও সোনাই বিধানসভা কেন্দ্রের ভোট গ্রহণের জন্য ভোট কর্মীরা আজ গন্তব্যের উদ্দেশ্যে যাত্রা করবেন ।

এদিকে ধলাই , কাটিগড়া এবং লক্ষীপুর বিধানসভা কেন্দ্রের প্রত্যন্ত অঞ্চলের মোট ৬৪৮টি ভোট কেন্দ্রের জন্য ভোট কর্মীরা গতকাল রামনগর আই এস বি টি থেকে গন্তব্যের উদ্দেশ্যে যাত্রা করেছেন । এরমধ্যে ধলাই-র ২০৬টি , লক্ষীপুরের ১৯৫টি এবং কাটিগড়ার ২৪৭টি ভোট কেন্দ্র রয়েছে ।

করিমগঞ্জ লোকসভা আসনের নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে করিমগঞ্জ কলেজের মাঠ থেকে ভোট কর্মীরা আজ যাত্রা করবেন ।

গতকাল জেলার ৮৩টি কেন্দ্রের ভোট কর্মীরা গন্তব্যের উদ্দেশ্যে যাত্রা করেছেন । এরমধ্যে পাথারকান্দি বিধানসভা কেন্দ্রের ৩৬টি ভোট কেন্দ্র , রামকৃষ্ণ নগর বিধানসভা কেন্দ্রের ৪৭টি ভোট কেন্দ্র রয়েছে । উল্লেখ্য করিমগঞ্জ জেলার চারটি বিধানসভা কেন্দ্রে মোট নয় লক্ষ ৩৫ হাজার ৮শ ১৩ জন ভোটার রয়েছেন । এরমধ্যে পুরুষ ভোটার চার লক্ষ ৭৫ হাজার তিনশ তিন জন এবং মহিলা ভোটার ৪ লক্ষ ৬০ হাজার ৪শ ৯৯ জন । তৃতীয় লিঙ্গের ভোটার রয়েছেন ১১ জন ।

এদিকে ডিফু সংরক্ষিত লোকসভা আসনের নির্বাচন সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ডিমা হাসাও জেলার ৮৬টি ভোট গ্রহন কেন্দ্র ভোট কমীরা আজ হাফলং থেকে গন্তব্যের উদ্দেশ্যে যাত্রা করেছেন ।

আসাম উচ্চতর মাধ্যমিক শিক্ষা পরিষদের চূড়ান্ত বর্ষের পরীক্ষার ফলাফল আগামী ৫ই মের মধ্যে ঘোষণা করা হবে বলে শিক্ষামন্ত্রী ডাঃরনোজ পেগু জানিয়েছেন । উল্লেখ্য রাজ্যের ৮৭৬ টি কেন্দ্রে অনুষ্ঠিত উচ্চতর মাধ্যমিক চূড়ান্ত বর্ষের পরীক্ষায় মোট ২ লক্ষ ৮০ হাজার ২১৬ জন পরীক্ষার্থী অবতীর্ণ হয়েছিলো । এরমধ্যে ১ লক্ষ ৩৭ হাজার ৪৮৪ জন ছাত্র এবং ১ লক্ষ ৪২ হাজার ৭৩২ জন ছাত্রী রয়েছে । আসাম উচ্চতর মাধ্যমিক শিক্ষা পরিষদ জানিয়েছে যে এবার ফলাফলের ক্ষেত্রে স্ট্যান্ড বা স্থান লাভের ব্যবস্থা উঠিয়ে দেওয়া হবে কি না এসম্পর্কে এখনও কোনো সিদ্ধান্ত গ্রহণ করা হয় নি । শিক্ষা পরিষদ আলোচনার ভিত্তিতে দু একদিনের মধ্যে এসম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করবে বলে জানানো হয়েছে ।
